

১০. এনজিও বিষয়ক তথ্য



আমাদের দেশের উন্নয়ন খাতে অনেক এনজিও গুরুত্বপূর্ণ কাজ করে। দেশের দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে এরা নানা ধরনের উদ্যোগ ও কর্মকাণ্ডের সঙ্গে জড়িত। এদের বেশীরভাগই বিদেশী দাতাদের অনুদানে চলে। দাতারা যেহেতু দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য টাকা দিয়ে থাকে সেহেতু এসব টাকা কিভাবে খরচ হচ্ছে তা জনগণ জানতে চাইতেই পারে। এনজিও-দের ব্যাপারে জনগণের মনে সাধারণত যে সব প্রশ্ন জাগে তা হল: [এখানে "উন্নয়ন সংস্থা" নামে একটি অজ্ঞাত নাম ব্যবহার করা হয়েছে। আবেদনকারীকে অবশ্যই আসল নাম ব্যবহার করতে হবে।]

- গত ২০০৯-২০১০ অর্থ বছরে "উন্নয়ন সংস্থা" কত টাকা বিদেশী অনুদান পেয়েছে?
- "উন্নয়ন সংস্থা"-র মোট ঋণ গ্রহীতার সংখ্যা কত?
- ঋণ পরিশোধে ব্যর্থ হলে কি ব্যবস্থা নেয়া হয়?
- "উন্নয়ন সংস্থা" এ বছর মোট কত টাকা পেয়েছে এবং কোন খাতে কত টাকা খরচ করেছে?

এসব প্রশ্নের উত্তর আমরা কিভাবে পেতে পারি?

এনজিও-দের বিষয়ে এ ধরনের প্রশ্ন অনেকের মনেই আসে, কিন্তু এতদিন তাদের কাছ থেকে অনেকই তথ্য চাইতে সাহস পেত না। তবে বর্তমানে তথ্য অধিকার আইনের বলে এসব প্রশ্নের উত্তরও জানা সম্ভব। নিচে তথ্য অধিকার আইনের আওতায় এনজিও বিষয়ক খাতের বিভিন্ন বিষয়ে কিছু প্রশ্নের নমুনা দেওয়া হলো। এগুলো বিভিন্ন জনগোষ্ঠীর সঙ্গে আলাপ-আলোচনা থেকে উঠে এসেছে।

১. "উন্নয়ন সংস্থা" বাংলাদেশের একটি বড় এনজিও এবং ক্ষুদ্র ঋণ প্রদানকারী সংস্থা। এই প্রতিষ্ঠানের আওতায় যেসব ঋণ গ্রহণকারী পরিবার ঋণের কিস্তি পরিশোধ করতে পারে নি তাদের সংখ্যা কত? যে সমস্ত ঋণ গ্রহণকারী ঋণের কিস্তি শোধ করতে পারেনি সংস্থাটি তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছে তা জানতে চাই।
২. বর্তমানে "উন্নয়ন সংস্থা"-র জনবল কত? গত এক বছরে কতজন নতুন নিয়োগ পেয়েছে এবং কতজন ছাঁটাই হয়েছে তা জানতে চাই। যারা চাকুরিচ্যুত হয়েছেন তাদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ ছিল কিনা, তাদের বিষয়ে গুনানি হয়েছে কিনা এবং এ সংক্রান্ত তথ্য ফাইলে নথিভুক্ত হয়েছে কি না জানতে চাই।
৩. গত ২০১০-২০১১ অর্থ বছরে "উন্নয়ন সংস্থা" কত টাকা বিদেশী অনুদান পেয়েছে এবং অনুদানের টাকা দিয়ে অফিস, কর্মকর্তা/ কর্মচারীদের বেতন এবং উন্নয়ন কর্মকাণ্ডে কত খরচ হয়েছে তা জানতে চাই।

৪. আমি সম্প্রতি "বাংলার গৌরব" নামে একটি এনজিওর দোকান থেকে একটি নকশি কাঁথা দুই হাজার পাঁচশত টাকায় কিনেছি যার ক্রমিক নং ০০১। কাঁথাটি যে বা যারা তৈরী করে তাকে/তাদেরকে সংস্থাটি থেকে কত টাকা দেয়া হয় এবং তা কোন নীতিমালার ভিত্তিতে দেয়া হয় তা জানতে চাই।
৫. গত ১ জানুয়ারি ২০০৬ থেকে ৩০ জুন ২০১১ পর্যন্ত বিদেশী উৎস থেকে এনজিও'রা অনুদান হিসেবে মোট কত টাকা পেয়েছে এবং তার শতকরা কত ভাগ অতি দরিদ্র পরিবারগুলোর উপকারে লেগেছে জানতে চাই।

এগুলো ছাড়াও এ খাতের সঙ্গে প্রাসঙ্গিক আরো নানা ধরনের প্রশ্ন করা যেতে পারে। এনজিও বিষয়ক বিভিন্ন তথ্য জানার জন্য যে যে এনজিও-তে গিয়ে তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে নাম ও ঠিকানা সহ জমা দিতে হয়। যদি অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কে তা জানা না থাকে সেক্ষেত্রে কৃষি পরিসেবা অংশে বর্ণিত নিয়মানুযায়ী আবেদনপত্র জমা দিতে হবে। (আবেদন প্রক্রিয়া সঠিকভাবে লেখার জন্যে এই লেখার শেষে সংযুক্তি -১ দ্রষ্টব্য। সেখানে আবেদনপত্র, আপিল ও অভিযোগ পত্রের নমুনা দেয়া হল।)